



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

১৯ এপ্রিল, ২০১৭

প্রেসবিজ্ঞপ্তি

মানসিক স্বাস্থ্য আইন: ইংল্যান্ড অভিজ্ঞতা এবং বাংলাদেশ প্রেক্ষাপট শীর্ষক সেমিনারে বক্তারা খসড়া মানসিক স্বাস্থ্য আইন পাশ এবং এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার দাবী তুলেন।

আজ ১৯ এপ্রিল, ২০১৭ মানসিক স্বাস্থ্য আইন: ইংল্যান্ড অভিজ্ঞতা এবং বাংলাদেশ প্রেক্ষাপট শীর্ষক একটি সেমিনার মুক্তিযুদ্ধ যাদুঘর, সেগুনবাগিচায় অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন যুক্তরাজ্যের মেন্টাল হেলথ ট্রাইব্যুনাল জজ, ব্যারিস্টার নজরুল ইসলাম খসরু। তিনি ইংল্যান্ডের মানসিক স্বাস্থ্য আইন নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং এ সংক্রান্ত বিদ্যমান আইনের বিভিন্ন বিষয় পর্যালোচনা করেন।

এই সভাতে ইংল্যান্ড এবং ওয়েলস এর বর্তমান মানসিক স্বাস্থ্য আইন বিষয়ে আলোচনার পাশাপাশি মানুষের সব ধরনের মানসিক রোগের চিকিৎসা, উক্ত আইনের অধীনে প্রাপ্ত অধিকারসমূহ, ফৌজদারি বিচার ব্যবস্থার আওতায় মানসিকভাবে বিপর্যস্‌ড অপরাধীদের চিকিৎসা, মানসিক স্বাস্থ্য বিষয়ক ট্রাইব্যুনালের ভূমিকা নিয়েও আলোচনা করেন ব্যারিস্টার নজরুল ইসলাম খসরু।

বাংলাদেশ প্রেক্ষাপটে মানসিক স্বাস্থ্য আইনের পর্যালোচনা এবং এদেশে বিদ্যমান পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। বাংলাদেশের মানসিক স্বাস্থ্য আইনের পর্যালোচনা করেন এডভোকেট খন্দকার শাহরিয়ার শাকির। তিনি বলেন মানসিক রোগে আক্রান্ত ব্যক্তিদের পাশাপাশি যারা বিভিন্ন ধরনের মানসিক সমস্যায় ভোগে তাদেরও মানসিক স্বাস্থ্য আইনের আওতায় আনা উচিত।

মানসিক স্বাস্থ্য বিষয়ে বাংলাদেশ প্রেক্ষাপট নিয়ে আলোচনা করেন ড: মো. ফারুক আলম। তিনি মানসিক স্বাস্থ্য বিষয়ে বিভিন্ন তথ্য উপাত্ত তুলে ধরেন। তিনি বলেন বাংলাদেশে মোট জনসংখ্যার প্রায় ১৬% মানসিক রোগ তথা বিভিন্ন মানসিক সমস্যায় আক্রান্ত। অর্থাৎ প্রায় সোয়া দুই কোটি রোগীর জন্য ডাক্তার আছে মাত্র ৩০০ জন। এই ১৬% এর মধ্যে শুধুমাত্র ১০ ভাগ মানুষ মানসিক রোগ বা সমস্যার জন্য চিকিৎসা নিয়ে থাকেন। বাকি ৯০ ভাগ লোক এই সেবার আওতার বাইরে। তিনি আরও বলেন, মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে তৃনমূল পর্যায় পর্যস্‌ড এই সেবা পৌঁছে দেয়ার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রয়োজনীয় ওষুধের সরবরাহ নিশ্চিত করতে হবে।

মানসিক স্বাস্থ্য বিষয়ে সবার সচেতনতা বৃদ্ধির জন্য পদক্ষেপ নেয়া এবং প্রস্তাবিত খসড়া মানসিক স্বাস্থ্য আইনের প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে আইনটি পাশ করা প্রয়োজন বলে সভায় বক্তারা মতামত প্রদান করেন।

বণ্টাস্টের অনারারী নির্বাহী পরিচালক সারা হোসেন উক্ত সেমিনারে সভাপতিত্ব করেন। সেমিনারে আরও উপস্থিত ছিলেন এড. মোঃ ইদ্রিসুর রহমান, এড. খুরশিদ আলম খান, এড. আবু ওবায়দুর রহমান, এড.আইননুহা হার সিদ্দিকা, ডাঃ কামরুজ্জামান মজুমদার, ডাঃ এম ডি তাজুল ইসলাম, মনিরা রহমান, নাসিমা আক্তার, সামসিন আহমেদ সহপ্ৰমুখ।

বার্তাপ্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসিএন্ডকমিউনিকেশন), বণ্টাস্ট

মোবাইলনং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: mahbuba@blast.org.bd